বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০

স্মারক নং ৪৩.২২.২৬৭৫.০০৪.০৪.০২৮(৪).২০১৬/৭৬১ তারিখ : ১৪/০৮/২০১৬

অফিস আদেশ নং ৪৭ /২০১৬-২০১৭

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২৮/০৭/২০১৬ তারিখের স্মারক নং ৪৩.০০.০০০০.১১১.২৩.০৬৪.১৫/৪৮৯ মূলে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আগামী ১৫ আগস্ট ২০১৬ তারিখ সোমবার জাতীয় শোক দিবসে শিশু-কিশোর, প্রতিবন্ধী ও অটিজম শিশুদের বিনা টিকিটে জাদুঘরে প্রবেশ এবং সাধারণ দর্শনার্থীদের জাদুঘর পরিদর্শনের নিমিত্ত বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রনাধীন শাখা জাদুঘরসমূহ ঐদিন দুপুর ০২.৩০ মিনিট থেকে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা থাকবে। সাধারণ দর্শনার্থীগণ যথারীতি টিকেটের বিনিময়ে গ্যালারি পরিদর্শন করবেন।

০২। এ পরিপ্রেক্ষিতে আগামী ১৫ আগস্ট ২০১৬ তারিখ সোমবার (সরকারি ছুটির দিন) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরের গ্যালারিসমূহ দুপুর ০২.৩০ মিনিট থেকে রাত ৮.০০ টা পর্যন্ত নিরাপত্তা ব্যবস্থাসহ জাদুঘর খোলা-বন্ধ ও প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

ফয়জুল লতিফ চৌধুরী
মহাপরিচালক

স্মারক নং ৪৩.২২.২৬৭৫.০০৪.০৪.০২৮(৪).২০১৬/৭৬২ তারিখ : ১৪/০৮/২০১৬

অনুলিপি : সদয় অবগতির জন্য।

১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
(মনোযোগ আকর্ষণ : জনাব ছানিয়া আক্তার, সিনিয়র সহকারী সচিব)

ফয়জুল লতিফ চৌধুরী
মহাপরিচালক

স্মারক নং ৪৩.২২.২৬৭৫.০০৪.০৪.০২৮(৪).২০১৬/৭৬২/১(৩০) তারিখ : ১৪/০৮/২০১৬

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। .....বিভাগ ও শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
২। আহবায়ক, রোস্টার কমিটি, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৩। উপ-কীপার/উপ-কীপার (চলতি দায়িত্ব)/সহকারী কীপার(রুটিন দায়িত্ব)/প্রদর্শক প্রভাষক.....।
৪। ডিস্প্লে অফিসার(চলতি দায়িত্ব), বাংলাদেশ জাতীয় জাদুঘর।
(তিনি লবিতে এবং টিকেট কাউন্টারে বিজ্ঞপ্তি দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)
৫। জনাব শহিদুর রহমান খান, সহকারী কীপার(জ)(চলতি দায়িত্ব) ও আইসিটি শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
(তিনি জাদুঘরের ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৭। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HRM) সংশ্লিষ্ট ডেস্ক।
৮। আরকাইভস শাখা, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৯। মাস্টার ফাইল।

মো. রমজান আলী
সচিব
বাংলাদেশ জাতীয় জাদুঘর